বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর-৩৬

তারিখ: অগ্রহায়ণ ০৪, ১৪৩২
নভেম্বর ১৯, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স/পারমিট/অনাপত্তিপত্র/পূর্বানুমতি (NOC) ব্যতীত মাদকদ্রব্য ও অ্যালকোহল জাতীয় পণ্যাদি আমদানির জন্য লেটার অব ক্রেডিট (এলসি) ইস্যুকরণ সংক্রান্ত।**

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদক-২ শাখা কর্তৃক ইস্যুকৃত নভেম্বর ১০, ২০২৫ তারিখের স্মারক নং-৪৪.০০.০০০০.১৯৪.২২.০০১.২২-৬২ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.১৯৪.২২.০০১.২২- ৬২

তারিখঃ ২৫ কার্তিক, ১৪৩২ / ১০ নভেম্বর, ২০২৫

বিষয়ঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স/ পারমিট/ অনাপত্তিপত্র/ পূর্বানুমতি (NOC) ব্যতিত মাদকদ্রব্য ও অ্যালকোহল জাতীয় পণ্যাদি আমদানির জন্য লেটার অফ ক্রেডিট (এলসি) ইস্যু করণ সংক্রান্ত।

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৮.১৮.০০১.২১-১৬০; তারিখ: ০২/১১/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত-২০২০) এর প্রথম তপশিলে "ক" "খ" ও"গ" শ্রেণির দ্রব্যসমূহ মাদক শ্রেণিভুক্ত করা হয়েছে। বর্ণিত আইনের ৯, ১০ ও ১১ ধারা অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স ব্যতিত তপশিলে বর্ণিত মাদকদ্রব্যসমূহ আমদানী, সংরক্ষণ, ব্যবহার, গুদামজাতকরণ, সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, বহন ও স্থানান্তরের কোনো সুযোগ নেই। এইচএস হেডিং ২২.৩, ২২.৪, ২২.৫, ২২.৬, ২২.৭, ২২.৮ এর আওতাধীন সকল কোডের পণ্য এবং এইচএস ২৯০৫ হেডিং এর আওতায় ২৯০৫.১১.১০ হতে ২৯০৫.১১.৯০ এর পণ্যসমূহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের 'খ' ও 'গ' তপশিলভুক্ত মাদকদ্রব্য হওয়ায় এসকল পণ্য আমদানির ক্ষেত্রে অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্সপ্রাপ্ত হতে হবে।

০২। সম্প্রতি বেশ কিছু অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠান অত্র অধিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ ব্যতিরেকেই বিভিন্ন ব্যাংক হতে ইস্যুকৃত লেটার অফ ক্রেডিট (এলসি) এর মাধ্যমে আইনের তপশিলভূক্ত মাদকদ্রব্য বিদেশ থেকে আমদানি করে বাজারজাত করছে মর্মে জানা যায়। ফলে একদিকে বিদ্যমান আইনের অপব্যবহারের পাশাপাশি সরকার বিপুল পরিমাণ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। এতে রাষ্ট্র ও সমাজ নিদারুণভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত এইচএস কোডসমূহের আওতাভুক্ত পণ্যসমূহ আমদানির জন্য আবশ্যিকভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পূর্বানুমতির বিষয়টি নিশ্চিত হয়ে যাতে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে তফসিলি ব্যাংক হতে (LC) এলসি ইস্যু করা হয় সে বিষয়ে দেশের সকল তফসিলি ব্যাংককে দ্রুত নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১২ (বারো) ফর্দ।

১০.১১.২৫


(মোঃ মাহবুব আলম)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৩২২৯
Nc2@moha.gov.bd


গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা।

**অনুলিপিঃ**

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
২। যুগ্মসচিব (মাদক অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৪। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

"একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.০০১.২১- ১৬০ তারিখ: ০২/১১/২০২৫

**বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স/ পূর্বানুমতির বিষয়টি নিশ্চিত হয়ে মাদকদ্রব্য ও অ্যালকোহল জাতীয় পণ্যাদি আমদানির জন্য লেটার অফ ক্রেডিট (এলসি) ইস্যু করণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত-২০২০) এর প্রথম তপশিলে "ক" "খ" ও"গ" শ্রেণির দ্রব্যসমূহ মাদক শ্রেণিভুক্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। বর্ণিত আইনের ৯, ১০ ও ১১ ধারা অনুযায়ী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স ব্যতিত তপশিলে বর্ণিত মাদকদ্রব্যসমূহ আমদানি, সংরক্ষণ, ব্যবহার, গুদামজাতকরণ, সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, বহন ও স্থানান্তরের কোনো সুযোগ নেই। এইচএস হেডিং ২২.৩, ২২,৪, ২২.৫, ২২.৬, ২২.৭, ২২.৮ এর আওতাধীন সকল কোডের পণ্য এবং এইচএস ২৯০৫ হেডিং এর আওতায় ২৯০৫.১১.১০ হতে ২৯০৫.১১.৯০ এর পণ্যসমূহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের 'খ' ও 'গ' তপশিলভুক্ত মাদকদ্রব্য হওয়ায় এসকল পণ্য আমদানির ক্ষেত্রে অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্সপ্রাপ্ত হতে হবে।

২। সম্প্রতি বেশ কিছু অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠান অত্র অধিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ ব্যতিরেকেই বিভিন্ন ব্যাংক হতে ইস্যুকৃত লেটার অফ ক্রেডিট (এলসি) এর মাধ্যমে আইনের তপশিলভুক্ত মাদকদ্রব্য বিদেশ থেকে আমদানি করে বাজারজাত করছে মর্মে জানা যায়। ফলে একদিকে বিদ্যমান আইনের অপব্যবহারের পাশাপাশি সরকার বিপুল পরিমাণ রাজস্ব আয় হতে বঞ্চিত হচ্ছে। এতে রাষ্ট্র ও সমাজ নিদারুণভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে।

৩। এমতাবস্থায়, বর্ণিত এইচএস কোডসমূহের আওতাভুক্ত পণ্যসমূহ আমদানির জন্য আবশ্যিকভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পূর্বানুমতির বিষয়টি নিশ্চিত হয়ে যাতে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে তফসিলি ব্যাংক হতে (L/C) এলসি ইস্যু করা হয় সে বিষয়ে বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে দেশের সকল তফসিলি ব্যাংককে দ্রুত নির্দেশনা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি- বর্ণানামতে ০৪ (চার) পাতা।

০৪/১১/২০২৫

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
ফোন: ০২-২২৬৬৬৪৪০০

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা
ডায়রী নং ৩২৬
তারিখ ৫/১১/২৫

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্ম সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব (উপসচিব), স্বরাষ্ট্র মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি/মাস্টার ফাইল

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৫৮.০০.০০০০.০৬১.০২.০০১.১৭(অংশ-২).১৩২—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাবমতে ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর সুপারিশের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৬৫ ধারা মোতাবেক উক্ত আইনে "খ" শ্রেণির মাদকদ্রব্য হিসেবে ট্যাপেন্টাডল (Tapentadol) কে সিডিউলভুক্ত করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন
উপসচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৬১.০২.০০১.১৭(অংশ-২)-২১৯

তারিখ: ১২ আশ্বিন, ১৪২৭ / ২৭ সেপ্টেম্বর, ২০২০

প্রজ্ঞাপন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রস্তাবমতে ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর সুপারিশের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৬৫ ধারামতে ট্যাপেন্টাডল (Tapentadol) কে মাদকদ্রব্য হিসেবে ইতঃপূর্বে ০৯ জুন ২০২০ তারিখে জারীকৃত ৫৮.০০.০০০০.০৬১.০২.০০১.১৭ (অংশ-২)-১৩২ নং প্রজ্ঞাপনটি সংশোধন করে ট্যাপেন্টাডল (Tapentadol) কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর 'গ' শ্রেণির ক্রমিক-০৪ এর মাদকদ্রব্য হিসেবে তফসিলভুক্ত করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৯

প্রথম তপশিল
(ধারা ২ (২৯)(ক) দ্রষ্টব্য)

'ক' শ্রেণির মাদকদ্রব্য

১। অপিয়াম পপি গাছ, অপিয়াম পপি ফল, কিংবা অপিয়াম পপির অঙ্কুরোদগম উপযোগী বীজ;

২। কোকা গাছ অথবা কোকাগুল্ম, কোকা পাতা অথবা কোকা উদ্ভূত সকল মাদকদ্রব্য (Cocaine derivatives) শতকরা.০.১ এর অধিক কোকেনযুক্ত যে-কোনো পদার্থ অথবা কোকেনের যে-কোনো ক্ষার;

৩। অপিয়াম ফল নিঃসৃত আঠাল পদার্থ, পরিশোধিত অথবা অপরিশোধিত কিংবা প্রস্তুতকৃত যে-কোনো ধরনের আফিম কিংবা আফিম সহযোগে তৈরি আসক্তি সৃষ্টিতে সক্ষম যে-কোনো পদার্থ;

৪। অ্যাসিটাইল মেথাডল (Acetyl-methadol), ফেন্টানাইল (Fentanyl), অ্যাসিটাইল-আলফা-মিথাইল ফেন্টানাইল (Acetyl-alpha-methyl Fentanyl), আলফা-মিথাইল ফেন্টানাইল (Alpha-methyl Fentanyl), আলফেন্টানাইল (Alfentanyl), বেটা-হাইড্রোক্সি ফেন্টানাইল (Beta-hydroxy Fentanyl), বেটা-হাইড্রোক্সি-৩-মিথাইল ফেন্টানাইল (Beta-hydroxy-3-methyl Fentanyl), লোফেন্টানাইল (Lofentanyl), ৩-মিথাইল ফেন্টানাইল (3-Methyl Fentanyl), সুফেন্টানিল (Sufentanil), আলফামিথাইল থায়োফেন্টানাইল (Alpha-methyl Thiofentanyl), ৩-মিথাইল থায়োফেন্টানাইল (3-Methylthiofentanyl), রেমিফেন্টানাইল (Remifentanil), সুফেন্টানাইল (Sufentanyl), থায়োফেন্টানাইল (Thiofentanyl), অ্যাসিটাইল মেথাডল (Acetyl Methadol), আলফা অ্যাসিটাইল মেথাডল (Alpha cetyl Methadol), বেটা অ্যাসিটাইল মেথাডল (Beta Acetyl Methadol), আলফামেথাডল (Alphamethadol), বুপ্রেনরফিন (Buprenorphine), কোকেন (Cocaine), ক্লোরোকোডাইড (Clorocodide), এট্রোফাইন (Etrophine), হেরোইন (**Heroin**), অ্যাসিটাইল ডিহাইড্রোকোডিন (Acetyl dihydrocodeine), হাইড্রোকোডন (Hydrocodone), ডাই হাইড্রোকোডন (Di-hydrocodone), কোডিন (**Codeine**), হাইড্রোমরফিন (Hydromorphine), কিটামিন (Ketamine), মেট্রাজাইনিন (Mitragynine), মিট্রাফাইলিন (Mitraphylline), মেথাডন (Methadone), বেনজাইল মরফিন (Benzyl Morphine), মরফিন (Morphine), ন্যালবুফাইন (Nalbuphine), নরকোডিন (Norcodeine), নরমরফিন (Normorphine), নোজকাপেইন (Noscapaine), প্যাপাভারিন (Papavarine), প্যাপাভেরিটাম (Papavaritum), ফেনইথাইলামিন (Phenethylamine), পেন্টাজোসিন (Pentazocaine), পেথিডিন (Pethidine), পেথিডিন হাইড্রোক্লোরাইড (Pethidine Hydrochloride), পেথিডিন ইন্টারমিডিয়েট এ (Pethidine Intermediate A), পেথিডিন ইন্টারমিডিয়েট বি (Pethidine Intermediate B), পেথিডিন ইন্টারমিডিয়েট সি (Pethidine Intermediate C), থিবেইন (Thebaine);

৫। অ্যামফিটামিন (Amphetamine), বেনজফিটামিন (Benzfetamine), লেফিটামিন (Lefetamine), মেথামফিটামিন (Metamphetamine)/মিথাইল অ্যামফিটামিন (Methyl Amphetamine), মেথামফিটামিন রেসিমেট (Metamphetamine racemate), ব্রোলামফিটামিন (Brolamphetamine), (ডিওবি) (DOB), ডেক্সামফিটামিন (Dexamphetamine), ইটিলামফিটামিন (Etilamphetamine), লেভামফিটামিন (Levamphetamine), টেনামফিটামিন (Tenamphetamine);

৬। অ্যাসিটরফিন (Acetorphine), অ্যালাইলপ্রোডাইন (Allylprodine), অ্যালফামেপ্রোডাইন (Alphameprodine), অ্যালফাপ্রোডাইন (Alphaprodine), এনিলেরিডাইন (Anileridine), এ্যাসসিট্রোফাইন (Asscetrophine), বেটাঅ্যাসিটাইলমেথাডল (Betacetylmethadol), ডাইমেফেপটানল (Dimepheptanol), বেটামেপ্রোডাইন (Betameprodine), বেটামেথাডল (Betamethadol), বেনজিথিডাইন (Benzethidine), বেনজাইলমরফিন (Benzylmorphine), বেটাপ্রোডাইন (Betaprodine), বেজিট্রামাইড (Bezitramide), **ক্যানাবিস রেসিন (Cannabis resin), চরস (Charas) অথবা হাশিশ (Hashis), হাশিশ তেল (Hashis oil),** ক্যাথিনোন (Cathinone), ক্লোনিটাজিন (Clonitazene), কোডোক্সিম (Codoxime), ডিমেরাল (Demeral), ডেসোমরফিন (Desomorphine), ডেক্সট্রোমোরামাইড (Dextromoramide), ডেক্সট্রোপ্রোপক্সিফেন (Dextropropoxyphene), ডায়াম্প্রোমাইড (Diampromide), ডাইইথাইলথায়ামবিউটিন (Diethylthiambutene), ডায়ফিনক্সিন (Difenoxin), ডাইহাইড্রোকোডিন (Dihydrocodeine), ডাইহাইড্রোএটরফিন (Dihydroetorphine),ডাইহাইড্রোমরফিন (Dihydromorphine), ডাইমেনোক্সাডল (Dimenoxadol), ডাইমিথাইলথায়ামবিউটিন (Dimethylthiambutene), ডাইঅক্সাফেটিল বিউটিরেট (Dioxaphetyl butyrate), ডাইফেনক্সিলেট (Diphenoxylate),ডাইপিপানন (Dipipanone), ড্রটিবানল (Drotebanol), একজোনিন (Ecgonine), এরগোমেট্রিন (Ergometrine), ইথাইলমিথাইল-থায়ামবিউটিন (Ethylmethyl-thiambutene), ইথাইলমরফিন (Ethylmorphine), ইটিসাইক্লিডিন (Eticyclidine), এটোনিটাজেন (Etonitazene), এটক্সিরিডাইন (Etoxeridine), এটরফিন (Etorphine),ইটিপটামিন (Etyptamine), ফুরিথিডাইন (Furethidine), হাইড্রোকোডন বাইটারট্রেট (Hydrocodone bitartrate), হাইড্রোমরফোন (Hydromorphone), হাইড্রোক্সিপেথিডিন (Hydroxypethidine), আইসোমেথাডন (Isomethadone), কিটোবেমিডোন (Ketobemidone), লেভোমেথরফ্যান (Levomethorphan), লেভোমোরামাইড (Levomoramide), লেভোফিনাসিলমরফ্যান (Levophenacylmorphan), হাইড্রোমরফিনল (Hydromorphinol), লেভোরফ্যানল (Levorphanol), মেপারডাইন (Meperdine), মেসকালাইন (Mescaline), মেটামেপ্রোডাইন (Metameprodine), মেটাজছিন (Metazocine), মেথাডন ইন্টারমেডিয়েট (৪-সায়ানো-২-ডাইমেথিল-এমিনো-৪, ৪-ডাইফেনিল বুটেন) (Methadone intermediate (4-cyano-2-dimethyl-amino-4, 4-diphenyl butane), মেথক্যাথিনোন (Methcathinone), মেথিলাডিহাইড্রোমরফিন (Methyladihydromorphine), মেথিলডেসরফিন (Methyldesorphine), মেটোপন (Metopon), এমএমডিএ (MMDA), মোরামাইড (Moramide), মরফেরিডাইন (Morpheridine), মরফিন মেথোব্রোমাইড এবং অন্যান্য পেন্টাভেলেন্ট ডেরাইভেটিভস নাইট্রোজেন মরফিন (Morphine methobromide and other pentavalent nitrogen morphine derivatives), মরফিন-এন-অক্সাইড (Morphine-N-oxide), এমপিপিপি (MPPP) [1-methyl-4-phenyl-4-piperidinol propionate (ester)], মাইরোফিন

(Myrophine), নালোক্সোন (Naloxone), নালট্রাক্সোন (Naltraxone), নিকোকোডিন (Nicocodine), নারকোডিন (Narcodeine), নারকোটিন (Narcotine), নিকোডিকোডিন (Nicodicodine), নিকোমরফিন (Nicomorphine), নোরাসাইমেথাডল (Noracymethadol), নরলিভরফ্যানল (Norlevorphanol), নরমেথাডন (Normethadone), নরপিপানন (Norpipanone), অমনোপন (Omnopone), অরিপাভাইন (Oripavine), অক্সিকোডন (Oxycodone), অক্সিমরফন (Oxymorphone), প্যারা-ফ্লুরোফেন্টানিল (Para-fluorofentanyl), প্যারাহেক্সাইল (Parahexyl), পিইপিএপি (PEPAP) [1-phenethyl-4-phenyl-4-piperidinol acetate (ester)], ফেনাডক্সন (Phenadoxone), ফেনামপ্রমাইড (Phenampromide), ফেনাজসিন (Phenazocine), ফেনোমরফ্যান (Phenomorphan), ফেনোপেরিডিন (Phenoperidine), ফলকোডিন (Pholcodine),পিমিনোডিন (Piminodine), পিরিট্রামাইড (Piritramide), প্রোহিটাজিন (Prohetazine), প্রোপেরিডিন (Properidine), প্রোপিরাম (Propiram), সিলোসিন (Psilocine), সিলোটসিন (Psilotsin), রেসিমেথরফ্যান (Racemethorphan), রেসিমোরামাইড (Racemoramide), রেসিমোরফ্যান (Racemorphan), রেমিফ্যান্টানিল (Remifentanil), রোলিসাইক্লিডিন (Rolicyclidine), টেনোসাইক্লিডিন (Tenocyclidine), টেট্রাহাইড্রোক্যানাবিনল (Tetrahydrocanabinol), থেবাকন (Thebacon), টিলিডাইন (Tilidine), ট্রাইমেপেরিডাইন (Trimeperidine);

৭। ক্রমিক নম্বর ৪ হইতে ৬ পর্যন্ত উল্লিখিত মাদকদ্রব্যসমূহের উপজাত দ্রব্য অথবা যৌগ কিংবা উহাদের হইতে উদ্ভূত অথবা প্রস্তুতকৃত কোনো পদার্থ যাহাতে উক্ত পদার্থের রাসায়নিক গুণাগুণ ও মনোদৈহিক (Psychoactive) প্রতিক্রিয়া সৃষ্টির ক্ষমতাসহ বিদ্যমান কিংবা উহাদের কোনো অ্যালকালয়েড, সল্ট, আইসোমার, অ্যানালগ, কিংবা অ্যাগনিস্টসমূহ যে বাণিজ্যিক নাম অথবা আকারেই থাকুক না কেন; এবং

৮। প্রিকারসর কেমিক্যালস—

ক অথবা খ শ্রেণির কোনো মাদকদ্রব্য উৎপাদন অথবা প্রক্রিয়াজাতকরণে অত্যাবশ্যকীয় উপাদান অথবা উপকরণ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ প্রিকারসর কেমিক্যালসসমূহ—

এসিটিক এ্যানহাইড্রাইড (Acetic anhydride), এন-অ্যাসিটাইল এনথ্রানিলিক এসিড (N-Acetylanthranilic acid), এফিড্রিন (Ephedrine), এরগোমেট্রিন (Ergometrine), এরগোটামিন (Ergotamine), আইসোস্যাফরোল (Isosafrole), লাইসারজিক এসিড (Lysergic acid), ৩, ৪-মিথাইল এনিডাইওক্সিফেনাইল-২-প্রোপানন (3, 4-Methylenedioxyphenyl-2-propanone), নরেফিড্রিন (Norephedrine), ১-ফেনাইল-২-প্রোপানন (1-Phenyl-2-propanone), পিপারোনাল (Piperonal), পটাশিয়াম পারমাংগানেট (Potassium Permanganate), সিউডো এফিড্রিন (Pseudoephedirne), স্যাফরোল (Safrole), এসিটোন (Acetone), এ্যানথ্রানিলিক এসিড (Anthranilic acid), ইথাইল ইথার (Ethyl ether), হাইড্রোক্লোরিক এসিড (Hydrochloric acid), মিথাইল-ইথাইল-কিটোন (Methyl ethyl ketone), ফিনাইলাসিটিক এসিড (Phenylacetic acid), পিপারিডিন (Peperidine), সালফিউরিক এসিড (Sulphuric acid), টলুইন (Toluene), আপান (APAAN) (alpha-phenylacetoacetonitrile), এএনপিপি (4-Anilino-N-phenethylpiperidine), এনপিপি (N-phenethyl-4-piperidone)।

'খ' শ্রেণির মাদকদ্রব্য

১। গাঁজা গাছ কিংবা উহার শাখা প্রশাখা, পাতা ও ফুল। ভাং গাছ কিংবা উহার শাখা প্রশাখা, পাতা ও ফুল। গাঁজা, ভাং, সিদ্ধি। গাঁজা অথবা ভাং সহযোগে প্রস্তুতকৃত এইরূপ কোনো দ্রব্য যাহা নেশা অথবা আসক্তি সৃষ্টিতে সক্ষম।

২। নেশার উৎসরূপে ব্যবহৃত হইতে পারে কিংবা আসক্তি সৃষ্টিতে সক্ষম যে কোনো উদ্ভিদ (ক শ্রেণিতে উল্লিখিত উদ্ভিদ ব্যতীত) এবং উহাদের শাখা প্রশাখা, পাতা, ফল, ফুল, বীজ কিংবা নির্জাস যাহা নেশা ও আসক্তি সৃষ্টিতে সক্ষম (যেমন-খাত, ইত্যাদি)।

৩। ইথাইল অ্যালকোহল (ইথানল), অ্যাবসলিউট অ্যালকোহল, রেকটিফাইড স্পিরিট, ০.৫%-এর অধিক অ্যালকোহল সহযোগে প্রস্তুতকৃত যে-কোনো তরল পদার্থ অথবা ঔষধ (যাহা আসক্তি সৃষ্টিতে সক্ষম এবং যাহা নেশার উপকরণ হিসাবে পান করা হইতেছে অথবা হইতে পারে), ওয়াইন, বিয়ার, ওয়াশ (জাওয়া), চোলাইমদ, যে-কোনো ধরনের মদ, কিংবা নেশা সৃষ্টিকারী ০.৫%-এর অধিক অ্যালকোহলযুক্ত যে-কোনো দ্রব্য।

৪। অ্যামাইনোইনডেনস (Aminoindanes), ডিইটি (DET) [3-{2-(Diethylamino) ethyl}indole], ডিএমএ (DMA) [(²)-২, ৫ Dimethoxy-alpha-methylphenethylamine], ডিএমএইচপি (DMHP) [৩-(১,২-dimethylheptyl)-৭,৮,৯,১০-tetrahydro-৬,৬,৯-trimethyl-৬ H-dibenzo {b,d}pyran-১-ol], ডিএমটি (DMT) [3-{2-(Dimethylamino) ryhyl}indole], ডিওইটি (DOET) [(²)-4-ethyl-২,৫ Dimethoxy-alpha-methylphenethylamine], ইটিসাইক্লিডিন (Eticyclidine), পিসিই (PCE) [N-ethyl-১phenylcyclohexylamine, ইট্রাইপ্টামিন (Etryptamine), এন-হাইড্রোক্সি এমডিএ (N-dydroxy MDA), লাইসারজিড (+Lysergide), লাইসারজিক এসিড ডাইইথাইল এ্যামাইড (Lysergic Acid Diethylamide (LSD) , এলএসডি-২৫ (LSD-25), এমডিই (MDE) *N*-ethylMDA, এমডিএমএ (MDMA) [(²)-N,alpha-dimethyl-3,4-(methylphenedioxy) phenethylamine], মেসকেলাইন (Mescaline), ৪- মিথাইল এ্যামাইনোরেক্স (4-Methyl aminorex), Methylenedioxy (MMDA) [5-methoxy-alpha-methyl-3,4-(methylenedioxy) phenethylamine], ৪-এমটিএ(4-MTA)[alpha-methyl-4-methylthiophenethylamine], প্যারাহেক্সাইল (parahexyl), পিএমএ Methylphenethylamine (PMA)[para-methoxy-alpha-methylphenethylamine], সাইলোসিন (Psilocine), সাইলোসাইবিন (Psilocybine), রোলিসাইক্লিডিন (Rolicyclidine), এসটিপি/ ডিওএম (STP/DOM)[2, 5-dimethoxy-alpha, 4-dimethylphenethylamine], এমডিএ (MDA)[Alpha-methyl-3,4-(methylenedioxy)phenethylamine], টেনোসাইক্লিডিন (Tenocyclidine), টিএমএ (TMA)[(²)-3,4,5-trimethoxy-alpha-methylphenethylamine], এমিনেফটিন (**Amineptine**), ড্রোনাবিনল

(Dronabinol), ফেনিটাইলিন (Fenetylline), ম্যাকলোকোয়ালন (Mecloqualone), মেথাকোয়ালন (Methaqualone), মিথাইলফেনিডেট (Methylphenedate), ফেনমেট্রাজিন (Phenmetrazine), জিপারোল (Zipeprol), এ্যালোবারবিটাল (Allobarbital), অ্যামোবারবিটাল (**Amobarbital**), বারবিটাল (Barbital), বুটোবারবিটাল (Butobarbital), ফেনোবারবিটাল (Phenobarbital), সেকোবারবিটাল (Secobarbital), ভিনাইলবিটাল (Vinylbital), বুটালবিটাল (Butalbital), ক্যাথিন (Cathine), (নরসিউডোএফেড্রিন) (Norpseudoephedrine), সাইক্লোবারবিটাল (Cyclobarbital), গ্লুথিথামাইড (Glutethimide), পেন্টোবারবিটাল (Pentobarbital), এ্যামফিপ্রামন (Amfepramone), এ্যামিনোরেক্স (Aminorex), ক্লোরডায়াজিপক্সাইড (Chlordiazepoxide), ইথক্লোরভিনল (Ethchlorvynol), এথিনামেট (Ethinamate), ইথাইল লোফলাজিপেট (Ethyl loflazepate), ফেনক্যামফামিন (Fencamfamin), ফেনপ্রপরেক্স (Fenproporex), জিএইচবি (GHB) [Gama-Hydroxybutyric Acid], মাজিনডল (Mazindol), মেফিনোরেক্স (Mefenorex), মেপরোবামেট (Meprobamate), মেসোকারব (Mesocarb), মেথিল ফেনোবারবিটাল (Methylphenobarbital), মেথিপ্রাইলন (Methyprylon), পেমোলাইন (Pemoline), পিসিপি (PCP) [Phencyclidine], ফেন্ডিমেট্রাজাইন (Phendimetrazine), ফেন্টারমাইন (Phenternnine), পিপরাডল (Pipradrol), পাইরোভালিরন (Pyrovalerone), সালভিনোরিন এ (Salvinorin A), সিনথেটিক ক্যানাবিনয়েডস (Synthetic Canabinoids), ট্রামাডল (Tramadol), ক্যাফেইন (Caffeine) শতকরা ০.১৪৫ ভাগের অধিক ক্যাফেইনযুক্ত যে কোনো তরল পানীয়, শিশা (Shisha)।

৫। ক্রমিক নম্বর ৪-এ উল্লিখিত মাদকদ্রব্য সমূহের উপজাত দ্রব্য অথবা যৌগ কিংবা উহাদের হইতে উদ্ভূত অথবা প্রস্তুতকৃত কোনো পদার্থ যাহাতে উক্ত পদার্থের রাসায়নিক গুণাগুন ও মনোদৈহিক (Psychoactive) প্রতিক্রিয়া সৃষ্টির ক্ষমতাসহ বিদ্যমান কিংবা উহাদের কোনো অ্যালকালয়েড, সল্ট, আইসোমার, অ্যানালগ, কিংবা অ্যাগনিস্টসমূহ।

'গ' শ্রেণির মাদকদ্রব্য

১। তাঁড়ি, পঁচুই, ইত্যাদি;

২। মিথাইল অ্যালকোহল (মিথানল), মিথানল মিশ্রিত যে-কোনো তরল রাসায়নিক পদার্থ, ডিনেচার্ড স্পিরিট, মেথিলেটেড স্পিরিট, ইথাইল অ্যালকোহল ব্যতীত অন্য সকল প্রকার অ্যালকোহল, সোপ স্পিরিট কিংবা মনুষ্য পানের অনুপযোগী যে-কোনো ধরনের বাণিজ্যিক (Commercial) স্পিরিট;

৩। ফ্লুনাইট্রাজিপাম (Flunitrazepam), আলপ্রাজোলাম (Alprazolam), ব্রোমাজিপাম (Bromazepam), ব্রোটিজোলাম (Brotizolam), ক্যামাজিপাম (Camazepam), ক্লোবাজাম (Clobazam), ক্লোনাজিপাম (Clonazepam), ক্লোরাজিপেট (Clorazepate), ক্লোটিয়াজিপাম (Clotiazepam), ক্লোক্সাজোলাম (Cloxazolam), ডিলোরাজিপাম (Delorazepam),

ডায়াজিপাম (Diazepam), এস্টাজোলাম (Estazolam), ফ্লুডায়াজিপাম (Fludiazepam), ফ্লুরাজিপাম (Flurazepam), হালাজিপাম (Halazepam), হালোক্সাজোলাম (Haloxazolam), কেটাজোলাম (Ketazolam), লোপ্রাজোলাম (Loprazolam), লোরাজিপাম (Lorazepam), লোরমেটাজিপাম (Lormetazepam), মাজিনডল (Mazindol), মেডাজিপাম (Medazepam), মেফিনোরেক্স (Mefenorex), মেপরোবামেট (Meprobamate), মেসোকারব (Mesocarb), মিডাজোলাম (Midazolam), নিমিটাজিপাম (Nimetazepam), নাইট্রাজিপাম (Nitrazepam), নরডাজিপাম (Nordazepam), অক্সাজিপাম (Oxazepam), অক্সাজোলাম (Oxazolam), পিনাজিপাম (Pinazepam), পিপরাডল (Pipradrol), প্রাজিপাম (Prazepam), টেমাজিপাম (Temazepam), টেট্রাজিপাম (Tetrazepam), ট্রায়াজোলাম (Triazolam), ভিনাইলবিটাল (Vinylbital), জলপিডেম (Zolpidem); এবং

৪। ক্রমিক নম্বর ৩ এ উল্লিখিত মাদকদ্রব্যসমূহের উপজাত দ্রব্য অথবা যৌগ কিংবা উহাদের হইতে উদ্ভূত অথবা প্রস্তুতকৃত কোনো পদার্থ যাহাতে উক্ত পদার্থের রাসায়নিক গুণাগুণ ও মনোদৈহিক (Psychoactive) প্রতিক্রিয়া সৃষ্টির ক্ষমতাসহ বিদ্যমান কিংবা উহাদের কোনো অ্যালকালয়েড, সল্ট, আইসোমার, অ্যানালগ, কিংবা অ্যাগনিস্টসমূহ।

ব্যাখ্যা:—এই তপশিলের উদ্দেশ্য পূরণকল্পে,—

(ক) 'সাইকোট্রোপিক সাবসটেনসেস (Psycotrophic Substances)' অথবা সাইকোঅ্যাকটিভ সাবসটেনসেস (Psycoactive Substances) অর্থ 'ক' শ্রেণির মাদকদ্রব্যের ক্রমিক নং ৪, ৫ ও ৬, 'খ' শ্রেণির মাদকদ্রব্যের ক্রমিক নং ৪ ও ৫ এবং 'গ' শ্রেণির মাদকদ্রব্যের ক্রমিক নং ৩ ও ৪ এ উল্লিখিত কোনো বস্তু;

(খ) 'লবণ (Salt)' অর্থ তপশিলে উল্লিখিত কোনো বস্তুকে যে-কোনো ধরনের অ্যাসিডের সহিত রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে সৃষ্ট কোনো আয়নিক (Ionic) বস্তু, যাহার রাসায়নিক গঠন মূল বস্তু হইতে কিঞ্চিৎ পৃথক হইলেও উহার আসক্তি সৃষ্টিকারী মনোদৈহিক প্রতিক্রিয়া একই রকম; এবং

(গ) 'শিশা (Shisha)' অর্থ বিভিন্ন ধরনের ভেষজের নির্যাস সহযোগে ০.২%-এর উর্ধ্বে নিকোটিন এবং এসেন্স ক্যারামেল মিশ্রিত ফ্রুট স্লাইস সহযোগে তৈরি যে-কোনো পদার্থ।

(ছ) উপরি-উক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে-কোনো ব্যবস্থা গ্রহণ; এবং

(জ) সরকার কর্তৃক সময় সময় উহার উপর অর্পিত অন্য যেকোনো দায়িত্ব পালন।

৭। **মহাপরিচালক।**—(১) অধিদপ্তরের একজন মহাপরিচালক থাকিবে এবং তিনি অধিদপ্তরের প্রধান নির্বাহী হইবেন।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবে এবং তাহার চাকরির শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

৮। **কর্মচারী নিয়োগ।**—সরকার অধিদপ্তরের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে তৎকর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ, পদায়ন ও পদোন্নতিসহ চাকরির অন্যান্য শর্তাবলি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

## তৃতীয় অধ্যায়
## মাদকদ্রব্য নিষিদ্ধকরণ ও নিয়ন্ত্রণ
### (লাইসেন্স, পারমিট বা পাস)

৯। **অ্যালকোহল ব্যতীত অন্যান্য মাদকদ্রব্যের উৎপাদন, ইত্যাদি নিষিদ্ধ।**—(১) অ্যালকোহল ব্যতীত অন্যান্য মাদকদ্রব্য অথবা মাদকদ্রব্যের উৎপাদন অথবা প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত হয় এইরূপ কোনো দ্রব্য অথবা উদ্ভিদের,—

(ক) চাষাবাদ, উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ, বহন, পরিবহন বা স্থানান্তর; এবং আমদানি বা রপ্তানি করা যাইবে না;

(খ) সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, হস্তান্তর, অর্পণ, গ্রহণ, প্রেরণ, লেনদেন, নিলামকরণ, ধারণ, অধিকার অথবা দখল, সংরক্ষণ, গুদামজাতকরণ ও প্রদর্শন করা যাইবে না;

(গ) সেবন, প্রয়োগ অথবা ব্যবহার করা যাইবে না; এবং

(ঘ) দফা (ক) হইতে (গ) পর্যন্ত উল্লিখিত কোনো উদ্দেশ্যে কোনো প্রচেষ্টা অথবা উদ্যোগ গ্রহণ, অর্থ বিনিয়োগ, কোনো প্রতিষ্ঠান স্থাপন অথবা পরিচালনা কিংবা উহার পৃষ্ঠপোষকতা, কিংবা মিথ্যা ঘোষণা প্রদান করা যাইবে না।

(২) কোনো মাদকদ্রব্যের উপাদান অথবা উপকরণ হিসাবে ব্যবহৃত হয় অথবা হইতে পারে এইরূপ কোনো প্রিকারসর কেমিক্যালসের—

(ক) উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ; বহন, পরিবহন বা স্থানান্তর; এবং আমদানি বা রপ্তানি করা যাইবে না;

(খ) সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, হস্তান্তর, অর্পণ, গ্রহণ, প্রেরণ, লেনদেন, নিলাম করা, ধারণ, অধিকার অথবা দখল, সংরক্ষণ, গুদামজাতকরণ ও প্রদর্শন করা যাইবে না;

(গ) সেবন, প্রয়োগ অথবা ব্যবহার করা যাইবে না; এবং

(ঘ) দফা (ক) হইতে (গ) পর্যন্ত উল্লিখিত কোনো উদ্দেশ্যে কোনো প্রচেষ্টা অথবা উদ্যোগ গ্রহণ, অর্থ বিনিয়োগ, কোনো প্রতিষ্ঠান স্থাপন অথবা পরিচালনা, কিংবা উহার পৃষ্ঠপোষকতা, কিংবা মিথ্যা ঘোষণা প্রদান করা যাইবে না।

(৩) উপ-ধারা (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো মাদকদ্রব্য, দ্রব্য অথবা উদ্ভিদ অথবা প্রিকারসর কেমিক্যালস কোনো আইনের অধীন অনুমোদিত কোনো ঔষধ প্রস্তুতে, শিল্পে ব্যবহার, চিকিৎসা, বৈজ্ঞানিক গবেষণা, কিংবা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত কোনো বৈধ কার্যক্রমের জন্য প্রয়োজন হইলে উহা এই আইনের অধীন প্রদত্ত—

(ক) লাইসেন্সবলে চাষাবাদ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, বহন, পরিবহন, স্থানান্তর, আমদানি, রপ্তানি, সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, ধারণ, অধিকার অথবা দখল, সংরক্ষণ, গুদামজাতকরণ, প্রদর্শন অথবা ব্যবহার করা যাইবে;

(খ) পারমিটবলে সেবন, প্রয়োগ অথবা ব্যবহার করা যাইবে; এবং

(গ) পাসবলে বহন অথবা পরিবহন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এই আইনের কোনো বিধান প্রতিপালনের নিমিত্ত, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ক্ষমতাপ্রাপ্ত কোনো আইন প্রায়োগকারী সংস্থার কোনো সদস্য দায়িত্ব পালনকালে যুক্তিসংগতভাবে যথাযথ এবং বৈধ কাগজপত্র অথবা দালিলিক প্রমাণের ভিত্তিতে তপশিলে উল্লিখিত কোনো বস্তু বহন, পরিবহন, ধারণ, অধিকার অথবা দখল, সংরক্ষণ, গুদামজাতকরণ, প্রদর্শন, হস্তান্তর, অর্পণ, গ্রহণ, প্রেরণ, নিলামকরণ, নিয়ন্ত্রিত বিলিবন্দেজ, ইত্যাদি কার্যক্রমের ক্ষেত্রে এই ধারার কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

(৪) উপ-ধারা ৩ এর অধীন উৎপাদিত, প্রক্রিয়াজাত এবং আমদানিকৃত মাদকদ্রব্যের মোড়ক ও লেবেলের উপর উহার অপব্যবহারের বিপদ সম্পর্কে সর্তকবাণী স্পষ্ট অক্ষরে মুদ্রণ অথবা ছাপাংকন করিতে হইবে।

(৫) যাত্রী পরিবহনে নিয়োজিত কোনো জলযান, আকাশযান অথবা স্থলযানে জরুরি চিকিৎসার প্রয়োজনে চিকিৎসকের নিয়ন্ত্রণে রক্ষিত প্রাথমিক চিকিৎসাবাক্সে, যদি থাকে, সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত পরিমাণ ঔষধ হিসাবে ব্যবহারযোগ্য মাদকদ্রব্য সংরক্ষণ, বহন, পরিবহন, প্রয়োগ ও ব্যবহার করিবার ক্ষেত্রে এই ধারার কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

১০। **অ্যালকোহল উৎপাদন, ইত্যাদি সম্পর্কে বিধি-নিষেধ।**—(১) কোনো ব্যক্তি লাইসেন্স, পারমিট বা পাস ব্যতিরেকে নিম্নবর্ণিত কোনো কার্য করিতে পারিবে না, যথা:-

(ক) কোনো ডিস্টিলারি অথবা ব্রিউয়ারি স্থাপন;

(খ) কোনো অ্যালকোহল উৎপাদন অথবা প্রক্রিয়াজাতকরণ;

(গ) কোনো অ্যালকোহল বহন, পরিবহন, আমদানি অথবা রপ্তানি;

(ঘ) কোনো অ্যালকোহল সরবরাহ, বিপণণ, ক্রয় অথবা বিক্রয়;

(ঙ) কোনো অ্যালকোহল ধারণ, অধিকার অথবা দখল, সংরক্ষণ, গুদামজাতকরণ অথবা প্রদর্শন;

(চ) কোনো অ্যালকোহল সেবন, প্রয়োগ ও ব্যবহার;

(ছ) কোনো অ্যালকোহল জাতীয় ঔষধ প্রস্তুতের উপাদান হিসাবে ব্যবহার; এবং

(জ) দফা (ক) হইতে (ছ) পর্যন্ত উল্লিখিত কোনো উদ্দেশ্যে কোনো প্রচেষ্টা অথবা উদ্যোগ গ্রহণ, অর্থ বিনিয়োগ, কোনো প্রতিষ্ঠান স্থাপন, পরিচালনা, উহার পৃষ্ঠপোষকতা, কিংবা মিথ্যা ঘোষণা (Misdeclaration) প্রদান।

**ব্যাখ্যা:** এই উপ-ধারার উদ্দেশ্য পূরণকল্পে, 'ডিস্টিলারি (Distillery)' বলিতে অ্যালকোহল উৎপাদনের যে কোনো স্থাপনা অথবা কারখানাকে বুঝাইবে।

(২) উপ-ধারা (১)-এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের কোনো বিধান প্রতিপালনের জন্য, ক্ষমতাপ্রাপ্ত কোনো আইন প্রায়োগকারী সংস্থার কোনো সদস্যের নিকট সরকারি দায়িত্ব পালনকালে যুক্তিসংগতভাবে যথাযথ এবং বৈধ কাগজপত্র অথবা দালিলিক প্রমাণের ভিত্তিতে অ্যালকোহল বহন, পরিবহন, ধারণ, অধিকার অথবা দখল, সংরক্ষণ, গুদামজাতকরণ, প্রদর্শন, হস্তান্তর, অর্পণ, গ্রহণ, প্রেরণ, নিলামকরণ, ইত্যাদি কার্যক্রমের ক্ষেত্রে, এই ধারার কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

১১। **অ্যালকোহল পান, ইত্যাদি সম্পর্কে বিধি-নিষেধ।**—(১) পারমিট ব্যতীত কোনো ব্যক্তি অ্যালকোহল পান করিতে পারিবেন না এবং চিকিৎসার প্রয়োজনে সিভিল সার্জন অথবা সরকারি মেডিক্যাল কলেজের অন্যূন কোনো সহযোগী অধ্যাপকের লিখিত ব্যবস্থাপত্র ব্যতীত কোনো মুসলমানকে অ্যালকোহল পান করিবার জন্য পারমিট প্রদান করা যাইবে না।

(২) মুচি, মেথর, ডোম, চা শ্রমিক ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কর্তৃক তাড়ি ও পচুঁই পান করিবার ক্ষেত্রে এবং রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলাসমূহ এবং অন্যান্য অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কর্তৃক ঐতিহ্যগতভাবে প্রচলিত অথবা প্রস্তুতকৃত মদ পান করিবার ক্ষেত্রে উপ-ধারা (১) এর কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

(৩) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন—

(ক) লাইসেন্সপ্রাপ্ত বার-এ বসিয়া বিদেশি ও পারমিটধারী দেশিয় নাগরিকগণ অ্যালকোহল পান করিতে পারিবেন; এবং

(খ) কূটনৈতিক পাসপোর্টধারী বিদেশি নাগরিকরা শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পাস বইধারী অথবা প্রচলিত ব্যাগেজ রুলসের দ্বারা স্বীকৃত ব্যক্তির ক্ষেত্রে, অ্যালকোহল আমদানি, রপ্তানি, ক্রয়, বহন, সংরক্ষণ অথবা পানের ব্যাপারে কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

(৪) অ্যালকোহল সংক্রান্ত সকল শুল্কমুক্ত কার্যক্রম (Duty Free Operations) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্সবলে সম্পাদিত হইবে।

১২। **মাদকদ্রব্যের ব্যবস্থাপত্র প্রদান সম্পর্কে বিধি-নিষেধ।**—(১) চিকিৎসক ব্যতীত অন্য কোনো ব্যক্তি কোনো মাদকদ্রব্য ঔষধ হিসাবে ব্যবস্থাপত্র প্রদান করিতে পারিবেন না।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রদত্ত ব্যবস্থাপত্রের ভিত্তিতে একবারের অধিক মাদকদ্রব্য ক্রয় করা যাইবে না।

১৩। **লাইসেন্স, ইত্যাদি।**—(১) লাইসেন্স, পারমিট ও পাস বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ফরমে, শর্তে এবং ফিস প্রদান সাপেক্ষে মহাপরিচালক অথবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো অফিসার কর্তৃক প্রদান করা যাইবে।

(২) লাইসেন্স, পারমিট অথবা পাসের মেয়াদ উহাতে উল্লিখিত শর্তে নির্ধারিত সময় পর্যন্ত অথবা উহার প্রদানের তারিখ হইতে সংশ্লিষ্ট অর্থ বৎসর সমাপ্ত হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে, কোনো লাইসেন্স অথবা পারমিট একাদিক্রমে ৩ (তিন) বৎসর নবায়ন না করা হইলে উহা পুনরায় নবায়নের যোগ্য হইবে না।

১৪। **লাইসেন্স, ইত্যাদি প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ।**—এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোনো ব্যক্তি লাইসেন্স অথবা পারমিট প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি নৈতিক স্খলনজনিত কোনো অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন ৩ (তিন) মাসের কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর কাল অতিবাহিত না হইয়া থাকে, অথবা ৫০০ (পাঁচশত) টাকার অধিক অর্থ দণ্ডে দণ্ডিত হন এবং দণ্ডের টাকা আদায় করিবার পর ৫ (পাঁচ) বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;

(খ) তিনি কোনো অপরাধের জন্য দণ্ডিত হন; এবং

(গ) তিনি লাইসেন্স অথবা পারমিটের কোনো শর্ত ভঙ্গ করেন এবং সেইজন্য তাহার উক্ত লাইসেন্স অথবা পারমিট বাতিল হইয়া যায়।

১৫। **লাইসেন্স, ইত্যাদির শর্ত ভঙ্গের বিরুদ্ধে ব্যবস্থা।**—(১) কোনো ব্যক্তি কোনো লাইসেন্স, পারমিট অথবা পাসের শর্ত ভঙ্গ করিলে লাইসেন্স, পারমিট অথবা পাস প্রদানকারী অফিসার—

(ক) প্রথমবার শর্ত ভঙ্গের ক্ষেত্রে, অভিযুক্ত ব্যক্তির নিকট হইতে ভবিষ্যতে এইরূপ শর্ত লঙ্ঘন না করিবার জন্য হলফনামার মাধ্যমে অঙ্গীকার অথবা মুচলেকা গ্রহণ করিয়া অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা জরিমানা আদায়পূর্বক উক্ত অভিযোগের আপোষ নিষ্পত্তি করিতে পারিবে;

(খ) দ্বিতীয়বার শর্তভঙ্গের ক্ষেত্রে, লাইসেন্স, পারমিট অথবা পাস বাতিল করিতে পারিবে।